তারিখ ... 04 APR 2016 ...
পৃষ্ঠা ... [illegible] ... কলাম ... ২ ...

প্রথম আলো

# ২০ ছাত্রকে বৃত্তি দেবে রাশিয়া

ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ২০ ছাত্রকে নিউক্লিয়ার বিষয়ে উচ্চশিক্ষার জন্য বৃত্তি দেবে রাশিয়া। ঢাকায় নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূত আলেক্সান্ডার ইগনাতোভ গতকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে দেখা করে জানান।

এক বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় ও রাশিয়ার বিভিন্ন উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে যৌথ মাস্টার্স ডিগ্রি চালু নিয়ে তাঁরা আলোচনা করেন। তাঁরা রাশিয়ায় স্বল্পমেয়াদি প্রশিক্ষণ কর্মসূচি নিয়েও কথা বলেন।